**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**26 April 2026** **7:45 PM IST**

=====================================================================

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ মন কী বাত অনুষ্ঠানে উত্তর-পূর্বাঞ্চলকে অষ্টলক্ষী হিসেবে অভিহিত ।

(২) উত্তর-পূর্বের বাঁশ দ্বারা নির্মিত সামগ্রী ক্রয় করা সহ এধরণের সামগ্রী উপহার হিসেবে ব্যাবহার করতে প্রধানমন্ত্রীর আহ্বান ।

(৩) কিংবদন্তী চিত্র সাংবাদিক রঘু রাইয়ের আজ জীবনাবসান ।

(৪) মিজোরামের সাইতুয়াল জেলার কেইফাং শহর সংলগ্ন এলাকায় এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় কাছাড় জেলার ধলাইয়ের দুজন যুবক নিহত ।

(৪) কাছাড় জেলার লক্ষ্মীপুর এলাকায় বৃহৎ পরিমাণ নেশাযুক্ত দ্রব্য বাজেয়াপ্ত/

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপূর্বাঞ্চলকে পুনরায় অষ্টলক্ষী হিসেবে অভিহিত করে অঞ্চলটির প্রচুর সম্ভাবনার কথা তুলে ধরেন ।আজ আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের ১৩৩ তম পর্বে জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যক্ত করে প্রধানমন্ত্রী উত্তরপূর্বাঞ্চলের বাঁশ শিল্পের কথা বিশেষভাবে উল্লেখ করে বলেন যে একসময় বোঝা হিসেবে গণ্য করা এই সামগ্রী বর্তমানে ব্যবসা তথা উদ্ভাবনের ক্ষেত্রে নতুন মাত্রা প্রদান করছে । ইংরেজ আমলের আইন অনুযায়ি বাঁশকে বৃক্ষ হিসেবে গণ্য করার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন যে এই আইনের জন্য এক স্থান থেকে অপর স্থানে বাঁশ পরিবহন করা সহজ ছিলনা ।২০১৭ সালে এই আইনের কিছু সংশোধন করে বাঁশকে বৃক্ষ শ্রেণীর আওতা থেকে বাইরে নিয়ে আসার ফলে বর্তমানে উত্তরপূর্বাঞ্চলে অতি দ্রুত বাঁশ শিল্পের বিকাশ সম্ভব হচ্ছে । শ্রী মোদী ত্রিপুরার গোমতি জেলার বিজয় সূত্রধর এবং প্রদীপ চক্রবর্তীর নাম উল্লেখ করে বলেন যে তাঁরা এই আইনের সুবিধা সম্পূর্ণভাবে গ্রহণ করেছে ।তাঁরা উন্নত কারিগড়ি কৌশল প্রয়োগ করে পূর্বের চাইতে বেশী উন্নতমানের বাঁশ উৎপাদন সমর্থ হয়েছে বলে তিনি জানান । নাগাল্যান্ডের কয়েকটি আত্মসহায়ক গোষ্ঠির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেঙন যে এই আত্মসহায়ক গোষ্ঠিগুলি বাঁশ থেকে তৈরী বিভিন্ন খাদ্যসামগ্রীর সফল ব্যবসা আরম্ভ করেছে ।মিজোরামের কিছু গোষ্ঠি বাঁশের টিশু কালচার এবং পলি হাউস ম্যানেজমেন্টের ক্ষেত্রে কাজ করছে বলে প্রধানমন্ত্রী জানান ।উত্তরপূর্বাঞ্চলের বাঁশের নির্মিত সামগ্রী ক্রয় করা সহ এধরণের সামগ্রী উপহার হিসেবে ব্যবহার করতে প্রধানমন্ত্রী সবার প্রতি আহ্বান জানান ।

# বাইট

প্রধানমন্ত্রী দেশবাসীর জীবনধারণের মান উন্নত করার ক্ষেত্রে পরমানু বিজ্ঞানীদের প্রয়াসের প্রশংশা করেন । তামিলনাড়ুর কালপক্কমে ' ফাস্ট ব্রিডার রিয়েক্টর ক্রিটিক্যালিটি 'স্থাপনে ভারতীয় বিজ্ঞানীদের সাফল্যের কথা উল্লেখ করে ভারতের পরমানু শক্তি বিকাশের ক্ষেত্রে এটি একটি মাইল ফলক বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে এই পরমানু চুল্লি নির্মিত হয়েছে বলে তিনি জানান ।আজকের অনুষ্ঠানে দেশের বায়ুশক্তির বিকাশের কথাও তিনি তুলে ধরেন ।তিনি বলেন যে বায়ুশক্তি উৎপাদনে দেশ ইতিহাস সৃষ্টি করেছে ।ইতিমধ্যে দেশের বায়ুশক্তির উৎপাদন ক্ষমতা ৫৬ গিগাওয়াটেরও বেশী বলে তিনি জানান ।এইক্ষেত্রে ভারত বিশ্বের চতুর্থ স্থানে রয়েছে বলে শ্রী মোদী জানান ।বিগত এক বছরে প্রায় ৬ গিগাওয়াট নতুন ক্ষমতা এই ক্ষেত্রে যোগ হয়েছে বলে প্রধানমন্ত্রী জানান ।দেশের তরুণ প্রজন্ম এবং বাস্তুকারদের সম্মিলিত প্রচেষ্টায় এই অগ্রগতি সম্ভব হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।তিনি বলেন যে গুজরাট , তালমিলনাড়ু , মহারাষ্ট্র মধ্যপ্রদেশ , রাজস্থান এবং দেশের অন্যান্য রাজ্য এই ক্ষেত্রে বিশেষ সাফল্য অর্জন করেছে । গুজরাটের কচ্ছ , পাটন এবং বনসকাঁথার মতো অঞ্চলে বড় বড় পুনরনবীকরণ যোগ্য এনার্জি পার্ক গড়ে উঠেছে বলে তিনি জানান ।পরিচ্ছন্ন শক্তি উৎপাদনে দেশের প্রতিটি স্তরে প্রচেষ্টা জরুরী বলে তিনি উল্লেখ করেন ।

আগামী পয়লা মে বুদ্ধপূর্ণিমা উপলক্ষে প্রধানমন্ত্রী দেশবাসীকে অগাম শুভেচ্ছা জানান । প্রধানমন্ত্রী দেশে একটি গুরুত্বপূর্ণ জনগণনা

অভিযান চলার কথাও উল্লেখ করেন । এবারের জনগণনাকে ডিজিট্যাল করা হয়েছে বলে উল্লেখ করে এতে সবাইকে অংশ গ্রহণ করার আহ্বান জানান তিনি ।

সম্প্রতি ম্যাথস অলিম্পিয়াডে দেশের মেয়েদের সাফল্যের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে বিশ্বের মধ্যে ভারত এই প্রতিযোগিতায় ষষ্ঠ স্থানে রয়েছে । দেশের জন্য স্বর্ণপদক অর্জন করা মুম্বাইয়ের শ্রেয়া মুন্দরা ইতিহাস সৃষ্টি করেছে বলে তিনি জানান ।এই প্রসঙ্গে তিনি কলকাতার শ্রীময়ী বেরার ও প্রশংশা করেন ।

---

আসাম বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণে এবার দক্ষিণ শালমারা মানকাচর জেলায় সর্বাধিক ৯৫ দশমিক ৬-১ শতাংশ ভোটদান হয়েছে । রাজ্যের পাঁচটি জেলায় সর্বাধিক ভোটদাতা ভোটদান করেন বলে রাজ্য নির্বাচন কমিশন জানিয়েছে । দক্ষিণ শালমারা মানকাচর সহ ধুবরী জেলায় ৯৫ দশমিক ২-১ শতাংশ ভোটদান হয়েছে বলে কমিশন জানিয়েছে । একইভাবে বরপেটায় ৯৩ দশমিক ৩-২ ,গোয়ালপারায় ৯৩ দশমিক ২-৭ এবং বঙ্গাইগাঁও জেলায় ৯২ দশমিক ৭-৭ শতাংশ ভোটদান হয়েছে । রাজ্যের মূখ্য নির্বাচনী আধিকারিক একথা জানিয়ে গণতন্ত্রের প্রতি দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধতা এবং নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের এটি অন্যতম নিদর্শন বলে উল্লেখ করেন ।

উল্লেখ্য একটি পর্যায়ে অনুষ্ঠিত নির্বাচনে এবার পূর্বের সব রেকর্ড ভেঙ্গে ৮৫ দশমিক ৯-৬ শতাংশ ভোটদান হয় । এরপূর্বে ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে রাজ্যে সর্বাধিক ৮৪ দশমিক ৬-৭ শতাংশ এবং ২০২১ সালে ৮২ দশমিক ০-২ শতাংশ ভোটদান হয়েছিলো । নির্বাচন কমিশনের তথ্য

অনুযায়ী আসাম ,কেরালাম ও পদুচেরীতে এবার সর্বাধিক মহিলা ভোটদাতা গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করেন ।

................................................................................................

কিংবদন্তী চিত্র সাংবাদিক রঘু রাই আজ নতুন দিল্লীর এক হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিলো ৮৩ । তাঁর তোলা ছবিতে ভারত আত্মার প্রতিফলন ঘটেছে বলে মনে করা হয় । জনজীবন ,মেলা এবং দলাই লামা ,মাদার টেরেসার মতো বহু বিখ্যাত ব্যাক্তিত্বের ছবি তিনি তুলেছেন । বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ভূপালের গ্যাস দূর্ঘটনা নিয়ে তাঁর তোলা ছবি আর্ন্তজাতিক খ্যাতি অর্জন করে । ১৯৭২ সালে পদ্মশ্রী সহ দেশ বিদেশের বিভিন্ন পুরস্কারে তিনি সম্মানিত হয়েছেন । ছয়দশকের কর্মজীবনে প্রয়াত রাই তাঁর ক্যামেরা দিয়ে ইতিহাসের অসাধারণ দৃশ্যকাব্য রচনা করে গেছেন ।

................................................................................................

মিজোরামের সাইতুয়াল জেলার কেইফাং শহর সংলগ্ন এলাকায় এক ভয়াবহ সড়ক দূর্ঘটনায় কাছাড় জেলার ধলাই এলাকার দু জন যুবকের মৃত্যু হয়েছে । নিহতরা হচ্ছেন খুলিছড়ার বাসিন্দা গাড়ি চালক আকমল হোসেন লস্কর এবং সহ-চালক রহুল আলম মজুমদার । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল রাতে আদা বোঝাই করে একটি লরি শিলচর অভিমূখে আসার সময় পাহাড়ি রাস্তায় নিয়ন্ত্রন হারিয়ে গভীর খাদে পড়ে যায় । ঘটনা স্থলেই দু জন যুবকের মৃত্যু হয়েছে । নিহতদের পরিবার মরদেহ আনতে ইতিমধ্যে মিজোরামের উদ্দেশ্যে যাত্রা করেছেন । এই ঘটনায় গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে ।

................................................................................................

কেন্দ্রীয় সরকার সমগ্র দেশে পেট্রোলিয়ামজাত পদার্থ ও রান্নার গ্যাসের নিরন্তর উপলব্ধতা সুনিশ্চিত করার জন্য বেশকয়েকটি পদক্ষেপ গ্রহণ করেছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয়ের তথ্য অনুসারে ঘরোয়া কাজে ব্যাবহৃত রান্নার গ্যাসের সরবরাহে অগ্রাধিকার দেওয়া হচ্ছে এবং কোনো বিতরণ কেন্দ্রে সরবরাহ ব্যাহত হবার খবর পাওয়া যায়নি । সমগ্র দেশে অনলাইনের মাধ্যমে রান্নার গ্যাসের সিলিন্ডারের বুকিং প্রায় ৯৯ শতাংশ পর্যন্ত এবং অ টি পির মাধ্যমে প্রদান করা সিলিন্ডারের সংখ্যা ৯৪ দশমিক ৫ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । গত মার্চ থেকে পাঁচ লক্ষ ৩৬ হাজারেরও অধিক পি এন জি সংযোগ প্রদান করা হয়েছে এবং অতিরিক্ত দুই লক্ষ ৬১ হাজার সংযোগ প্রদানের জন্য পরিকাঠামোর সৃষ্টি করা হয়েছে । এরফলে মোট পি এন জি সংযোগের সংখ্যা সাত লক্ষ ৯৭ হাজার পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । এছাড়াও প্রায় ৬ লক্ষ গ্রাহক নতুন পি এন  জি সংযোগের জন্য নাম পঞ্জীয়ন করেছে । গতকাল পর্যন্ত ৪২ হাজারেরও অধিক পি এন জি গ্রাহক রান্নার গ্যাসের সংযোগ ফিরিয়ে দিয়েছেন । সব শোধনাগার পর্যাপ্ত অপরিশোধিত তেল ভান্ডারের সঙ্গে  উচ্চ উৎপাদন ক্ষমতায় কাজ করছে । দেশে পেট্রোল ও ডিজেল পর্যাপ্ত মাত্রায় মজুত রয়েছে । দেশের বিভিন্ন স্থানের খুচরা দোকানগুলিও স্বাভাবিকভাবে কাজ করছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনী রেলের মাধ্যমে নিষিদ্ধ দ্রব্য পরিবহনের বিরুদ্ধে অভিযান অব্যহত রেখেছে । গত ২০ থেকে ২২শে এপ্রিল পর্য্যন্ত চালানো অভিযানের সময় আর পি এফ সীমান্ত রেলের অধীন বিভিন্ন স্টেশন থেকে প্রায় ৬০ কিলোগ্রাম গাঁজা উদ্ধার করেছে যার বাজার মূল্য ২৯ লক্ষ টাকা হবে । এছাড়া গাঁজার অবৈধ পরিবহনের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে তিনজন ব্যাক্তিকে আটক করা হয়েছে ।

---

................................................................................................

হাইলাকান্দি পুলিশ প্রশাসনের উদ্যোগে গতকাল  উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে রঙ্গালী বিহু উদযাপন করা হয়েছে ।  অনুষ্ঠানের প্রধান আর্কষন ছিল একুশ আই আর ব্যাটালিয়ান এবং কামান্ডো বাহিনীর পুলিশ কর্মীদের পরিবেশিত বিহু নৃত্য । অনুষ্ঠানে  পুলিশ সুপার অমিতাভ সিনহা , জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বেই , জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারীক রুথ লিয়াংথাং , অতিরিক্ত পুলিশ সুপার শেখর জ্যোতি রায় প্রমূখ উপস্থিত ছিলেন । এছাড়াও বিভিন্ন থানার ভারপ্রাপ্ত আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

................................................................................................

নুরুদ্দিন আহমেদ সিনিয়র আন্তঃজেলা ক্রিকেট প্রতিযোগীতার আজকের খেলা বৃষ্টির কারনে বাতিল হলেও আয়োজক দল হাইলাকান্দি ফাইনাল রাউন্ডে উঠেছে ।

হাইলাকান্দির নেতাজি সুভাষচন্দ্র বসু স্টেডিয়ামে মাঠে আয়োজিত প্রতিযোগীতায় আজ কার্বি আংলং দল ১৭ ওভার খেলে ৭ উইকেটে ৮৩ রান করে । এরপর বৃষ্টির জন্য খেলা বাতিল করা হয় ।